I/P PAD (S.E)-1

# বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)

## BANGLADESH COUNCIL OF SCIENTIFIC & INDUSTRIAL RESEARCH (BCSIR)

নথি নং- ৩৯.৩৩০.০৪০.০০.০০.২৭১.২০১২/ ৪৮৯ তারিখঃ ৩০-০৯-২০১৩

## "অফিস আদেশ"

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ০৪/০৯/২০১৩ তারিখে অনুষ্ঠিত পরিষদের ২৪৪ তম বোর্ড সভায় পূর্বে জারিকৃত বিসিএসআইআর বাসা বরাদ্দ বিধিমালা বাতিলকরতঃ "বিসিএসআইআর বাসা বরাদ্দ বিধিমালা-২০১৩" অনুমোদিত হয়েছে। এ বিধিমালা ০৪/০৯/২০১৩ তারিখ হতে কার্যকর হয়েছে বলে গণ্য হবে।

অনুমোদিত "বিসিএসআইআর বাসা বরাদ্দ বিধিমালা-২০১৩"-এর কপি অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

৩০/৯/১৩
(মোঃ আয়নুল হক)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভারপ্রাপ্ত)

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হলো ঃ- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। পরিচালক, বিসিএসআইআর গবেষণাগার, ঢাকা/আইজিসিআরটি/আইএফএসটি/চট্টগ্রাম গবেষণাগার/রাজশাহী গবেষণাগার/আইএফআরডি/পিপিএন্ডপিডিসি/পিএন্ডডি/আইএমএম, জয়পুরহাট বিসিএসআইআর, ঢাকা
২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, এলআরআই, নয়ারহাট, সাভার, ঢাকা।
৩। সচিব, বিসিএসআইআর, ঢাকা।
৪। জনাব মোঃ মাসহুদুর রহমান, এস.এস.ও, আইএফআরডি, বিসিএসআইআর, ঢাকা।
(সংযুক্ত বিধিমালাটি বিসিএসআইআর-এর ওয়েবসাইডে আপলোডকরতঃ প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য)।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিত হলো :

১। একান্ত সচিব, চেয়ারম্যান, বিসিএসআইআর, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। একান্ত সহকারী, সদস্য (প্রশাসন)/(বিঃ ও প্রঃ)/(উন্নয়ন)/(অর্থ), বিসিএসআইআর, ঢাকা

(মোঃ আয়নুল হক)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভারপ্রাপ্ত)।

ডঃ কুদরাত-ই-খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা ১২০৫, বাংলাদেশ
Dr. Qudrat-i-Khuda Road, Dhabnmondi, Dhaka-1205, Bangladesh
PABX : 861060, FAX: 88-028613022, E-mail:bcsir@bangla.net

# বিসিএসআইআর বাসা বরাদ্দ বিধিমালা-২০১৩
# (Allocation Rules-2013 of the Quarters of BCSIR)

বিধি-১। সংক্ষিপ্ত শিরনামা :

এই বিধিমালা বাসা বরাদ্দ বিধিমালা-২০১৩ নামে অভিহিত হইবে।

বিধি-২। সংজ্ঞা :

এই বিধিমালায় প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে নিম্নবর্ণিত শব্দসমূহের অর্থ নিম্নরূপ হইবে।

(ক) 'আবাসন' বলিতে বিসিএসআইআর-এর মালিকানাধীন অথবা বিসিএসআইআর কর্তৃক নির্মিত বা ভাড়াকৃত এবং আবাসন পুলে স্থানান্তরিত পরিষদের ধানমন্ডি/পাইকপাড়া ক্যাম্পাসের বসত-বাড়িকে বুঝাইবে।

(খ) 'আবাসন পুল' বলিতে বিসিএসআইআর-এর কর্মচারীদের মধ্যে বরাদ্দের জন্য নির্ধারিত বাসস্থানকে বুঝাইবে যাহার কর্মকান্ড বিসিএসআইআর কর্তৃপক্ষের তত্ত্বাবধানে ঢাকাস্থ প্রকৌশল বিভাগ পরিচালনা করিবে।

(গ) 'কর্তৃপক্ষ' বলিতে বিসিএসআইআর-এর বোর্ড কিংবা কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগ করিবার জন্য তৎকর্তৃক মনোনীত কোন কর্মকর্তাকে বুঝাইবে।

(ঘ) 'কর্মচারী' বলিতে বিসিএসআইআর-এ সকল রাজস্ব খাতভুক্ত বিজ্ঞানী/প্রকৌশলী/কর্মকর্তা/কর্মচারী যাহারা বাসস্থান পাওয়ারযোগ্য তাহাদেরকে বুঝাইবে।

(ঙ) 'জ্যেষ্ঠতা' বলিতে এই নীতিমালা অনুসারে বাসা বরাদ্দের জন্য সংশ্লিষ্ট আবেদনকারীগণের মধ্যে পারস্পরিক জ্যেষ্ঠতা বুঝাইবে।

(চ) 'পরিবার' বলিতে বিসিএসআইআর-এর কোন কর্মচারীর পরিবারকে বুঝাইবে যাহার অন্তর্ভুক্ত হইবে ঐ কর্মচারীর স্বামী/স্ত্রী, ছেলে-মেয়ে ও কর্মচারীর সঙ্গে বসবাসরত কর্মচারীর উপর সম্পূর্ণভাবে নির্ভরশীল সৎ ছেলে-মেয়ে এবং কর্মচারীর পিতা-মাতা, অবিবাহিত ভগ্নী ও নাবালক ভাই যদি তাহার সঙ্গে বাস করে ও সম্পূর্ণভাবে নির্ভরশীল হয়।

(ছ) 'পরিষদ' বলিতে Bangladesh Council of Scientific and Industrial Research Ordinance, 1978 (V of 1978)-এর অধীনে প্রতিষ্ঠিত Bangladesh Council of Scientific and Industrial Research কে বুঝাইবে।

(জ) 'প্রকৌশল বিভাগ' বলিতে পরিষদ সচিবালয়ের অধীনস্থ ঢাকাস্থ প্রকৌশল বিভাগকে বুঝাইবে।

(ঞ) 'বোর্ড' বলিতে Bangladesh Council of Scientific and Industrial Research Ordinance, 1978 (V of 1978)-এর Section 7-এর অধীনে গঠিত Board কে বুঝাইবে।

(ট) 'সিঙ্গেল এ্যাকোমোডেশন' বলিতে কর্তৃপক্ষ কর্তৃক ঘোষিত/নির্ধারিত কোন ভবন বা ফ্লাটের কক্ষসমূহের একক সিটকে বুঝাইবে।

(ঠ) 'স্টান্ডার্ড রেন্ট' বলিতে অতিরিক্ত সময়ে বাসায় অবস্থানের জন্য কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় নির্ধারিত সংশ্লিষ্ট বাসার ভাড়াকে বুঝাইবে।

বিধি-৩। প্রাপ্যতা :

বিসিএসআইআর-এর কর্মরত সকল রাজস্ব খাতভূক্ত কর্মচারী বাসস্থান প্রাপ্তির যোগ্য হইবেন।

বিধি-৪। বাসস্থানের শ্রেণি বিন্যাস এবং বাসা প্রাপ্তির যোগ্যতা:

কর্মচারীদের বাসা প্রাপ্তির যোগ্যতা এবং বাসস্থানের শ্রেণি বিন্যাস নিম্নে বর্ণিত হইল:

মোঃ ইকবাল হোসেন
প্রশাসনিক কর্মকর্তা
প্রকৌশল বিভাগ
বিসিএসআইআর, ঢাকা।

মোঃ আয়নুল হক
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভারপ্রাপ্ত)

| ক্র. নং | বাসার শ্রেণি | বাসা প্রাপ্তির যোগ্যতা |
|---|---|---|
| ১। | চেয়ারম্যান বাংলো | বিসিএসআইআর-এর চেয়ারম্যান |
| ক্র. নং | বাসার শ্রেণি | বাসা প্রাপ্তির যোগ্যতা |
| ২। | মণিষা<br>২৬২৪ ব: ফু: (৪ টি ফ্ল্যাট)<br>২২৮৪ ব: ফু: (৪ টি ফ্ল্যাট) | বিসিএসআইআর-এর সদস্য/পরিচালক/চিফ সায়েন্টিফিক অফিসার এবং সমপর্যায়ের বিজ্ঞানী/প্রকৌশলী/কর্মকর্তা<br>ন্যূনতম বেতন গ্রেড : ৩ (জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী ৳: ২৯,০০০-১১০০×৬-৩৫,৬০০/-) |
| ৩। | 'এ' টাইপ (সুপিরিয়র)<br>১৭৪৪ ব: ফু: (১৬ টি ফ্ল্যাট) | বিসিএসআইআর-এর প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার এবং সমপর্যায়ের বিজ্ঞানী/প্রকৌশলী/ কর্মকর্তা<br>ন্যূনতম বেতন গ্রেড : ৪ (জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী ৳: ২৫,৭৫০-১০০০×৮-৩৩,৭৫০/-) |
| | 'এ' টাইপ<br>১৫৫০ ব: ফু: (১৫ টি ফ্ল্যাট) | বিসিএসআইআর-এর সিনিয়র সায়েন্টিফিক অফিসার এবং সমপর্যায়ের বিজ্ঞানী/প্রকৌশলী/ কর্মকর্তা<br>ন্যূনতম বেতন গ্রেড : ৬ (জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী ৳: ১৮,৫০০-৮০০×১৪-২৯,৭০০/-) |
| ৪। | 'বি' টাইপ<br>(১৪৫০, ৯৭৫ ও ৯০০ ব: ফু:)<br>(৮২ টি ফ্ল্যাট) | বিসিএসআইআর-এর সায়েন্টিফিক অফিসার এবং সমপর্যায়ের বিজ্ঞানী/প্রকৌশলী/কর্মকর্তা<br>ন্যূনতম বেতন গ্রেড : ৯ (জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী ৳: ১১,০০০-৪৯০×৭-১৪,৪৩০-ইবি-৫৪০×১১-২০,৩৭০/-) |
| ৫। | 'সি-এ' টাইপ<br>(৮০০ ব: ফু:) (২০ টি ফ্ল্যাট) | বিসিএসআইআর-এর ২য় শ্রেণির কর্মকর্তা<br>ন্যূনতম বেতন গ্রেড : ১২ (জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী ৳: ৫,৯০০-৩৮০×৭-৮,৫৬০-ইবি-৪১৫×১১-১৩,১২৫/-) |
| ৬। | 'সি' টাইপ (ধানমন্ডি)<br>(১০৫০ ব: ফু:, ৯২০ ব: ফু:, ৬২৫ ব: ফু: ও ৬০০ ব: ফু:)<br>(৬০ টি ফ্ল্যাট) | বিসিএসআইআর-এর ৩য় শ্রেণির কর্মচারী<br>ন্যূনতম বেতন গ্রেড : ১৬ (জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী ৳: ৪,৭০০-২৬৫×৭-৬,৫৫৫-ইবি-২৯০×১১-৯,৭৪৫/-) |
| ৭। | 'সি' টাইপ (পাইকপাড়া)<br>(৬২৫ ব: ফু:, ৬০০ ব: ফু:)<br>(৫৫ টি ফ্ল্যাট) | বিসিএসআইআর-এর ৩য় শ্রেণির কর্মচারী<br>ন্যূনতম বেতন গ্রেড : ১৬ (জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী ৳: ৪,৭০০-২৬৫×৭-৬,৫৫৫-ইবি-২৯০×১১-৯,৭৪৫/-) |
| ৮। | 'ডি' টাইপ (ধানমন্ডি)<br>(৪৪২ ব: ফু:) (৩০ টি ফ্ল্যাট) | বিসিএসআইআর-এর ৪র্থ শ্রেণির কর্মচারী<br>ন্যূনতম বেতন গ্রেড : ২০ (জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী ৳: ৪,১০০-১৯০×৭-৫,৪৩০-ইবি-২১০×১১-৭,৭৪০/-) |
| ৯। | 'ডি' টাইপ (পাইকপাড়া)<br>(৪৭০ ব: ফু:, ৩৭০ ব: ফু:)<br>(৫৪ টি ফ্ল্যাট) | বিসিএসআইআর-এর ৪র্থ শ্রেণির কর্মচারী<br>ন্যূনতম বেতন গ্রেড : ২০ (জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী ৳: ৪,১০০-১৯০×৭-৫,৪৩০-ইবি-২১০×১১-৭,৭৪০/-) |

বিধি-৫। উচ্চ শ্রেণির এবং নিম্নশ্রেণির বাসস্থান বরাদ্দ :

(১) একজন কর্মচারী যে শ্রেণির বাসস্থান প্রাপ্য তাহা অপেক্ষা উচ্চতর শ্রেণির বাসস্থান তাহাকে বরাদ্দ করা যাইতে পারে, যদি ঐ শ্রেণির বাসস্থানের জন্য অপেক্ষমান তালিকায় কেহই না থাকেন এবং যদি তিনি ঐ শ্রেণির বাসস্থান প্রাপ্তির যোগ্য কর্মচারী কর্তৃক প্রদেয় সর্বনিম্ন ভাড়া প্রদানে সম্মত থাকেন।

(২) একজন কর্মচারী যে শ্রেণির বাসস্থান প্রাপ্য তাহা অপেক্ষা নিম্নতর শ্রেণির বাসস্থান তাহাকে বরাদ্দ করা যাইতে পারে, যদি তিনি লিখিতভাবে তাহার প্রাপ্য শ্রেণির বাসস্থান প্রাপ্তির দাবি পরিহার করেন এবং যদি তিনি তাহার প্রাপ্য বাড়িভাড়া ভাতার অতিরিক্ত নিম্নবর্ণিত হারে ভাড়া প্রদান করিতে সম্মত থাকেন :

(ক) যে সকল কর্মচারী জাতীয় বেতন স্কেলের ১ নং হইতে ১২ নং গ্রেড পর্যন্ত স্কেলের অন্তর্ভুক্ত তাহার মূল বেতনের ৭.৫% বাসা ভাড়া প্রদান করিবেন।

(খ) যে সমস্ত কর্মচারী জাতীয় বেতন স্কেলের ১৩ হইতে ২০ নং পর্যন্ত এর আওতাধীন বেতন গ্রহণ করেন তাহার গ্রেড মূল বেতনের ৫% হারে বাসাভাড়া প্রদান করিবেন। তবে শর্ত থাকে যে, একজন প্রথম শ্রেণির কর্মচারী "বি" শ্রেণির নিম্নে কোন বাসাবাড়ি বরাদ্দের জন্য আবেদন করিতে পারিবেন না। প্রথম শ্রেণির পদে পদোন্নতির পর প্রাপ্যতা অনুযায়ী বাসা বরাদ্দ প্রদান করা হইলে বরাদ্দ প্রাপক বরাদ্দকৃত বাসা গ্রহণে বাধ্য থাকিবেন। (এই বিধিমালার ৫ (২) উপ-ধারার ক্ষেত্র ব্যতীত)।

বিধি-৬। অপেক্ষমান তালিকা তৈরী :

(১) প্রত্যেক আগ্রহী কর্মচারীকে 'ক' ফরম মোতাবেক পুলের বাসস্থানের জন্য আবেদন করিতে হইবে। প্রকৌশল বিভাগ প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই করিয়া বিধিমালা অনুসরণপূর্বক অপেক্ষমান তালিকা প্রস্তুত করিবে; বাসা বরাদ্দ কমিটি কর্তৃক উক্ত অপেক্ষমান তালিকার ভিত্তিতে নিম্নবর্ণিত নিয়ম মোতাবেক জ্যেষ্ঠতা অনুযায়ী সংশ্লিষ্ট শ্রেণির বাসস্থান বরাদ্দ করা হইবে।

(ক) আবেদনপত্র প্রাপ্তির সাথে সাথে আবেদনকারীর যেই শ্রেণির বাসার প্রাপ্যতা রহিয়াছে সেই শ্রেণির তালিকায় তাহার নাম অন্তর্ভুক্তকরত: তালিকায় তাহার অবস্থান নিশ্চিতকরণের জন্য নিম্নোক্ত বিষয়ের উপর ভিত্তি করিয়া আবেদনকারীর নম্বর নির্ধারণ করিতে হইবে।

| ক্র. নং | বিষয় | সর্বোচ্চ নম্বর |
|---|---|---|
| ১। | প্রকৌশল বিভাগে আবেদন প্রাপ্তির মাস হইতে ১ বছর ও তদূর্ধ সময়ের জন্য (প্রতি মাসের জন্য ১ নম্বর হারে)। | ১২ |
| ২। | মহিলা কর্মচারীর জন্য [যাহার স্বামী (অবিবাহিত মহিলার ক্ষেত্রে পিতা বা অভিবাবক) সরকারী/আধাসরকারী/স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠানে চাকরিরত নন কিংবা সরকারী/আধাসরকারী/স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠানের চাকুরিজীবী হইলে ঢাকার বাহিরে চাকরিরত]। (এই সুবিধা চাকুরি জীবনে শুধুমাত্র ১ বার পাওয়া যাইবে)। | ২ |
| ৩। | বিশেষ পদে কর্মরত কর্মকর্তার জন্য (চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা)। | ১০ |
| ৪। | কর্মচারীর রাজস্ব খাতে স্ব স্ব শ্রেণিতে চাকরির মেয়াদের জন্য (প্রতি বছরের জন্য ১ নম্বর হারে)। | ১০ |
| | মোট নম্বর | ৩৪ |

(খ) অনুচ্ছেদ 'ক' তে বর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক প্রাধিকার তালিকায় অবস্থানকারীদের নম্বরের ভিত্তিতে পর্যায়ক্রমে আবাসন পুলের বাসস্থান বরাদ্দ করিতে হইবে।

(গ) বাসা বরাদ্দের ক্ষেত্রে একাধিক কর্মচারীর প্রাপ্ত নম্বর একই হইলে সংশ্লিষ্ট কর্মচারীদের স্ব স্ব শ্রেণিতে রাজস্ব খাতভুক্ত চাকরির দীর্ঘতর মেয়াদের ভিত্তিতে এবং চাকরির দৈর্ঘ একই হইলে উচ্চতর বেতন আহরণের ভিত্তিতে এবং বেতন একই হইলে জন্মতারিখ অনুযায়ী অধিকতর বয়সের ভিত্তিতে জ্যেষ্ঠতা গণনাযোগ্য হইবে। জন্ম তারিখ একই হইলে লটারীর মাধ্যমে জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে।

(২) পদোন্নতির জন্য উচ্চতর শ্রেণির বাসার যোগ্যতা অর্জনের ক্ষেত্র ব্যতীত একজন বরাদ্দ প্রাপক বরাদ্দ গ্রহণের তারিখ হইতে ১ (এক) বছরের মধ্যে একই শ্রেণির বাসা বদলী/বরাদ্দের জন্য আবেদন করিলে তাহা গ্রহণযোগ্য হইবে না।

(৩) কোন অবস্থাতেই প্রাপ্য শ্রেণির বাসা ব্যতিরেকে নিম্ন শ্রেণির বাসার জন্য বরাদ্দ প্রদান করা হইবে না (এই বিধিমালার ৫ (২) উপ-ধারার ক্ষেত্র ব্যতীত)। তবে পূর্বের আবেদন বিবেচনাযোগ্য হইবে।

(৪) সুনির্দিষ্ট আবাসিক এলাকা উল্লেখপূর্বক বাসা বরাদ্দের দরখাস্ত করিতে হইবে। দরখাস্তে ১টির বেশী আবাসিক এলাকা উল্লেখ করা যাইবে না এবং একই এলাকায় সর্বোচ্চ ২ (দুই) টি বাসার পছন্দক্রম উল্লেখ করা যাইবে। পছন্দ উল্লেখের ক্ষেত্রে কেবল পছন্দক্রম পূরণযোগ্য হইলেই বাসা বরাদ্দ প্রদান করা হইবে।

(৫) বাসায় অবস্থানকারী কোন কর্মচারীর পদোন্নতি প্রাপ্তির ক্ষেত্রে নতুন শ্রেণির বাসা প্রাপ্তির যোগ্যতা অর্জিত হইলে উক্তরূপ বাসা বরাদ্দ না পাওয়া পর্যন্ত ইতোপূর্বে অবস্থানকালীন বাসা তাহার জন্য বৈধ্য থাকিবে। একই সাথে তাহার আবেদনের ভিত্তিতে নতুন শ্রেণির বাসা প্রাপ্তির যোগ্যতা নির্ধারিত হইতে থাকিবে। তবে নতুন শ্রেণির বাসা প্রাপ্তির যোগ্যতা অর্জনের পর পূর্বতন শ্রেণির বাসা স্থানান্তরের আবেদন বিবেচনাযোগ্য হইবে না (এই বিধিমালার ৫ (২) উপ-ধারার ক্ষেত্র ব্যতীত)।

**বিধি-৭। বাসা প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার :**

(ক) অত্যাবশ্যকীয় পদসমূহের জন্য সংশ্লিষ্ট পদধারীগণ প্রাপ্যতা অনুযায়ী বাসা প্রাপ্তির ক্ষেত্রে (যথাঃ ধানমন্ডি ক্যাম্পাসে মেডিক্যাল অফিসার পদের জন্য-১টি, সহকারী নিরাপত্তা অফিসার পদের জন্য-১টি, নিরাপত্তা সুপারভাইজার পদের জন্য-১টি, এ্যাম্বুলেন্স ড্রাইভার পদের জন্য-১টি, ইলেকট্রিশিয়ান পদের জন্য-১টি, প্লাম্বার পদের জন্য-১টি, পাম্প ড্রাইভার পদের জন্য-১টি, গ্যাস মেকানিক পদের জন্য-১টি, সুইপার পদের জন্য-১টি, এনিম্যাল হাউজ এটেনডেন্ট পদের জন্য-১টি এবং পাইকপাড়া ক্যাম্পাসে ইলেকট্রিশিয়ান পদের জন্য-১টি, প্লাম্বার পদের জন্য-১টি, পাম্প ড্রাইভার পদের জন্য-১টি, গ্যাস মেকানিক পদের জন্য-১টি) অগ্রাধিকার পাইবেন। দায়িত্বে অবহেলার কারণে সংশ্লিষ্ট পদধারীগণের বাসা বরাদ্দ বাতিল করা যাইবে।

(খ) বিশেষ বিবেচনায় প্রতি শ্রেণির সর্বোচ্চ ৩% বাসা বিসিএসআইআর চেয়ারম্যান বরাদ্দ প্রদান করিতে পারিবেন।

**বিধি-৮। অস্থায়ী বাসস্থান :**

(ক) রেষ্ট হাউসসহ অস্থায়ী বাসস্থানসমূহ প্রকৌশল বিভাগের অন্তর্ভুক্ত থাকিবে। এই অস্থায়ী বাসস্থানসমূহ প্রতিটি কেইসের নিজস্ব গুণাগুণ বিবেচনা করিয়া বরাদ্দ হইবে। অস্থায়ী বাসস্থান বরাদ্দের ক্ষেত্রে বদলির কারণে যোগদানকৃত/নবযোগদানকৃত কর্মচারীগণ অগ্রাধিকার পাইবেন।

(খ) সিংগেল এ্যাকোমোডেশনের সিট কেবল অবিবাহিত কর্মচারীদের জন্য সংরক্ষিত থাকিবে এবং ইহা বরাদ্দের ক্ষেত্রে ১০% সিট ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের জন্য নির্ধারিত থাকিবে। বিবাহ বন্ধনে আবদ্ধের পর সংশ্লিষ্ট সিট বরাদ্দ বাতিল বলিয়া গণ্য হইবে। এইরূপ অস্থায়ী বরাদ্দ এলোটির নামে সর্বোচ্চ ৩ (তিন) বৎসর পর্যন্ত বলবৎ থাকিবে।

**বিধি-৯। বাসস্থানের দখল :**

(১) ফরম 'খ' অনুসারে বাসা বরাদ্দ পত্র প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে বরাদ্দপ্রাপ্ত কর্মচারীকে বরাদ্দকৃত বাসা গ্রহণে সম্মতি প্রদানপূর্বক ফরম 'গ' অনুযায়ী নির্ধারিত অঙ্গিকারনামা সম্পাদন করিতে হইবে। নির্ধারিত সময়সীমার মধ্যে অঙ্গিকারনামা সম্পাদন করিতে ব্যর্থ হইলে বাসা বরাদ্দ বাতিল করা হইবে এবং অপেক্ষমান তালিকায় সংশ্লিষ্ট কর্মচারীর নাম ৩ (তিন) জনের নিচে অবনমিত করা হইবে।

(২) অঙ্গিকারনামা সম্পাদনের পর বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে (খালি সাপেক্ষে বরাদ্দের ক্ষেত্রে বাসা খালি হওয়ায় ৩০ (ত্রিশ) দিনের মধ্যে) উক্ত বাসস্থান গ্রহণ করিবেন এবং বাসস্থানের সকল ফিক্সচার ও ফিটিংসের তথ্যসম্বলিত প্রতিবেদন স্বাক্ষর করিয়া দিবেন। অন্যথায় তাহার বাসা বরাদ্দ বাতিল করা হইবে এবং অপেক্ষমান তালিকায় সংশ্লিষ্ট কর্মচারীর নাম ৫ (পাঁচ) জনের নিম্নে অবনমিত করা হইবে।

(৩) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দখল গ্রহণের দুই কপি প্রতিবেদন দখলের ৩ (তিন) দিনের মধ্যে প্রকৌশল বিভাগে প্রেরণ করিবেন।

**বিধি-১০। বাসস্থানের দখল হস্তান্তর :**

(১) বাসস্থান খালি করিবার সময় বরাদ্দপ্রাপ্ত কর্মচারী প্রকৌশল বিভাগে বাসস্থান দখল হস্তান্তর করিবেন এবং হস্তান্তরপত্রে বাসস্থানের রক্ষিত ফিক্সচার ও ফিটিংস-এর তালিকা থাকিবে। প্রকৌশল বিভাগের সংশ্লিষ্ট কর্মচারী বাসা গ্রহণ ও হস্তান্তরের তথ্যাদি সম্বলিত উক্ত প্রতিবেদনের কপি সংশ্লিষ্ট ইউনিট প্রধান এবং কর্মকর্তাগণের নিকট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করিবেন।

(২) বরাদ্দ প্রাপক বাসার ফিক্সচার ও ফিটিংস-এর সাধারণ ক্ষয়ক্ষতির অতিরিক্ত ক্ষয়ক্ষতির জন্য দায়ী থাকিবেন।

**বিধি-১১। বাসা বরাদ্দ বাতিলকরণ :**

বরাদ্দকৃত বাসস্থান হস্তান্তরযোগ্য নয়। বরাদ্দ প্রাপ্ত কর্মচারী অথবা তাহার পরিবার যদি বরাদ্দকৃত বাসায় যথাযথভাবে বিধিমালা অনুসরণ করিয়া বসবাস না করেন সেই ক্ষেত্রে বাসা বরাদ্দ বাতিল করা হইবে।

**বিধি-১২। সাবলেট প্রদান (বাসা আংশিক/পূর্ণ ভাড়াদান) ইত্যাদি :**

(১) বরাদ্দকৃত বাসা সাবলেট (আংশিক/পূর্ণ ভাড়াদান) করা যাইবে না; তাহা ছাড়া বরাদ্দকৃত বাসা কোন ব্যবসায় অথবা পেশা পরিচালনার জন্য ব্যবহার করা যাইবে না।

(২) বিসিএসআইআর একটি কেপিআই বিধায় ইহার আওতাধীন বাসায় পরিবারের সদস্য ব্যতীত অন্য কাউকে রাখা যাইবে না। তবে একান্ত প্রয়োজনে কর্তৃপক্ষের লিখিত অনুমতিক্রমে বরাদ্দপ্রাপ্ত কর্মচারী তাহার বন্ধু অথবা আত্নীয়কে একাদিক্রমে সর্বোচ্চ ১ (এক) মাসের জন্য কোন আর্থিক সুবিধা গ্রহণ ব্যতীত বরাদ্দকৃত বাসায় রাখিতে পারিবেন। এই বিধির কোন বরখেলাপ ঘটিলে তাহা সাবলেট প্রদান বলিয়া গণ্য হইবে।

(৩) বরাদ্দ প্রাপক বরাদ্দকৃত বাসা সাবলেট প্রদান করিয়াছিলেন মর্মে গণ্য হইলে উক্ত বাসার বরাদ্দ বাতিল করা হইবে এবং সাবলেট প্রদানকে অসদাচারণ হিসাবে গণ্যকরত: বিসিএসআইআর কর্মচারী চাকুরী প্রবিধানমালার ভিত্তিতে বরাদ্দ প্রাপকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

(৪) বাসা সাবলেট প্রদানের অপরাধের জন্য কোন কর্মচারীর বাসা বরাদ্দ বাতিল করা হইলে উক্ত কর্মচারীর নিকট হইতে বাসার দখল বুঝিয়া নেওয়ার তারিখ হইতে পরবর্তী ৫ (পাঁচ) বৎসরের জন্য উক্ত কর্মচারী বাসা বরাদ্দ প্রাপ্তির অধিকার হইতে বঞ্চিত হইবেন।

(৫) সাবলেট প্রদান বা অন্য কোন বিধিগত অপরাধের জন্য বিসিএসআইআর কর্তৃপক্ষ কর্তৃক বাসা বরাদ্দ বাতিলের সিদ্ধান্তের বিরুদ্ধে কোন আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

**বিধি-১৩। বরাদ্দ প্রাপকের অবসরগ্রহণ অথবা মৃত্যুর পর বাসস্থানে বসবাস :**

(১) চাকরিরত অবস্থায় বাসার বরাদ্দ প্রাপকের মৃত্যু ঘটলে সাধারণভাবে বরাদ্দ প্রাপকের স্বামী/স্ত্রী উক্ত বাসা বরাদ্দ প্রাপকের মৃত্যুর তারিখ হইতে ১ (এক) বছরের মধ্যে কর্তৃপক্ষের নিকট বাসা বুঝিয়ে দেবেন। মৃত বরাদ্দ প্রাপকের ছেলে-মেয়েদের নিজস্ব বাসাবাড়ি না থাকিলে এবং পর্যাপ্ত আয়ের উৎস না থাকিলে তাহাদের আবেদনক্রমে কর্তৃপক্ষ ইচ্ছা করিলে বরাদ্দ প্রাপকের মৃত্যুর তারিখ হইতে ২(দুই) বৎসর পর্যন্ত তাহাদেরকে বাসস্থানে স্বাভাবিক বাসা ভাড়া প্রদান সাপেক্ষে বাস করিবার অনুমতি দিতে পারিবেন। তবে সেইক্ষেত্রে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে ঐ পরিবারকে অপেক্ষাকৃত নিম্নশ্রেণির বাসায় স্থানান্তর করিবার অধিকার সংরক্ষণ করিবেন। ইহার অতিরিক্ত সময় অবস্থানের জন্য পরিষদ কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় ধার্যকৃত স্ট্যান্ডার্ড রেন্ট প্রযোজ্য হইবে।

(২) চাকরি হইতে বরখাস্ত, অপসারণ, চুক্তিভিত্তিক নিয়োগ বাতিল, চাকরিতে ইস্তফার ক্ষেত্রে ঐ ঘটনা সংঘটিত হওয়ার তারিখ হইতে দুই মাসের মধ্যে বাসস্থান খালি করিয়া দিতে হইবে। ইহার অতিরিক্ত সময় অবস্থানের জন্য স্ট্যান্ডার্ড রেন্ট আদায়যোগ্য হইবে।

(৩) অবসর গ্রহণের ক্ষেত্রে অবসর উত্তর ছুটি শেষ হওয়ার তারিখ হইতে ৬ (ছয়) মাস পর্যন্ত সংশ্লিষ্ট বরাদ্দ প্রাপক স্বাভাবিক ভাড়ায় বরাদ্দকৃত বাসায় অবস্থান করিতে পারিবেন। ইহার অতিরিক্ত সময় অবস্থানের জন্য স্ট্যান্ডার্ড রেন্ট আদায়যোগ্য হইবে।

(৪) বরখাস্তকৃত, অপসারণকৃত অথবা বাধ্যতামূলকভাবে চাকরি হইতে অবসর প্রদানকৃত কোন বরাদ্দ প্রাপক যদি উক্ত আদেশের বিরুদ্ধে সংশ্লিষ্ট বিধিমালার অধীনে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট আপীল পেশ করেন সেই ক্ষেত্রে তাহা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত অথবা ৬ (ছয়) মাস কাল যাহা কম হয়, ঐ সময়ের জন্য তিনি স্বাভাবিক বাসা ভাড়া প্রদান সাপেক্ষে সংশ্লিষ্ট বাসস্থান তাহার দখলে রাখিতে পারিবেন। ইহার অতিরিক্ত সময় অবস্থানের জন্য স্ট্যান্ডার্ড রেন্ট আদায় করা হইবে।

(৫) যখন ১ জন বরাদ্দ প্রাপককে অন্য কোন কর্মস্থলে বদলী করা হইবে তখন তিনি সর্বোচ্চ ৬ (ছয়) মাস পর্যন্ত বরাদ্দকৃত বাসা নিজ দখলে রাখিতে পারিবেন। তবে বিশেষ বিবেচনায় এই অবস্থানের মেয়াদ সন্তানদের লেখা পড়ার কারণে সর্বোচ্চ ১২ (বার) মাস পর্যন্ত বর্ধিত করা যাইবে। ইহার অতিরিক্ত সময় বরাদ্দকৃত বাসায় অবস্থানের জন্য স্ট্যান্ডার্ড রেন্ট আদায় করা হইবে।

(৬) যখন ১ জন বরাদ্দ প্রাপক ১টি নন-ফ্যামিলি (পরিবারসহ বসবাসের যোগ্য নয়) এলাকায় বদলী হন তখন তিনি স্বাভাবিক বাসা ভাড়া প্রদান সাপেক্ষে তাহার বাসস্থান নিজ দখলে রাখিতে পারিবেন।

(৭) যখন কোন বরাদ্দ প্রাপক প্রশিক্ষণের জন্য তাহার কর্মস্থল ত্যাগ করেন তখন স্বাভাবিক বাসা ভাড়া প্রদান সাপেক্ষে কর্তৃপক্ষের অনুমতিক্রমে ৬ (ছয়) মাসের জন্য বাসস্থান নিজ দখলে রাখিতে পারিবেন। ইহার অতিরিক্ত সময় অবস্থানের জন্য স্ট্যান্ডার্ড রেন্ট আদায় করা হইবে।

(৮) যখন একজন কর্মচারী অন্য কোন দপ্তরে প্রেষণে/লিয়েনে বদলী হন, তিনি তাহার বাসস্থান ততদিন পর্যন্ত নিজ দখলে রাখিতে পারিবেন যতদিন না উক্ত দপ্তর তাহাকে বিকল্প বাসস্থান বরাদ্দ করিতে পারে। ঐ ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর হইতে এই বাসস্থানের জন্য স্ট্যান্ডার্ড রেন্ট আদায়যোগ্য হইবে। তবে সংশ্লিষ্ট দপ্তর হইতে ভাড়া পাওয়া না গেলে ঐ কর্মচারীর নিকট হইতে ভাড়া আদায় করা হইবে।

(৯) বরাদ্দ প্রাপকের মৃত্যু বা অবসর গ্রহণের ক্ষেত্রে তাহার বাসস্থান কেবলমাত্র তাহার পুত্র বা অবিবাহিতা কন্যা অথবা স্বামী বা স্ত্রীর নামে হস্তান্তর করা যাইতে পারে, যদি তিনি (দ্বিতীয় জন) ঐ শ্রেণির অথবা উহার চাইতে উচ্চতর শ্রেণির বাসস্থান পাওয়ার যোগ্য হন। তবে শর্ত থাকে যে, বরাদ্দ প্রাপকের মৃত্যুর ক্ষেত্রে পরবর্তী এক বৎসরের মধ্যে এবং বরাদ্দ প্রাপকের অবসর গ্রহণের ক্ষেত্রে পরবর্তী ছয় মাসের মধ্যে ঐরূপ বাসস্থান পাওয়ার যোগ্য হইলে তিনি এই সুবিধা প্রাপ্য হইবেন এবং তাহাকে মূল বরাদ্দ প্রাপকের সাথে সাধারণভাবে পূর্ব হইতে বসবাস করিয়া আসিতে হইবে। যদি তিনি নিম্নতর শ্রেণির বাসস্থান পাওয়ার যোগ্য হন তাহা হইলে তাহাকে নিম্নতর শ্রেণির প্রাপ্যতা অনুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে বাসস্থান বরাদ্দ করা হইবে। বিকল্প বাসস্থানের ব্যবস্থা না হওয়া পর্যন্ত তাহাকে অবস্থানরত বাসায় রাখার অনুমতি প্রদান করা যাইতে পারে; তবে তাহাকে ঐ শ্রেণির বাসস্থান পাওয়ার যোগ্য কর্মচারীর সর্বনিম্ন বেতনের ৭.৫% অথবা ৫% হারে (যাহা প্রযোজ্য হয়) বাসা ভাড়া প্রদান করিতে সম্মত থাকিতে হইবে।

(১০) বরাদ্দকৃত বাসস্থানে বৈধ সময়ের অতিরিক্ত অবস্থানের প্রয়োজন হইলে বরাদ্দ প্রাপকের আবেদনের ভিত্তিতে পরিষদ কর্তৃপক্ষ স্ট্যান্ডার্ড রেন্ট আদায়ের শর্তে উক্ত বাসায় তার অবস্থানের মেয়াদ সর্বোচ্চ ৬ (ছয়) মাস পর্যন্ত বৃদ্ধি করিতে পারিবে; তবে আবেদন অনুমোদনের বিষয়টি পরবর্তী বোর্ড সভায় অবহিত করিতে হইবে। ইহার অতিরিক্ত সময় অবস্থান অনুমোদনের ক্ষেত্রে বোর্ডের পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে।

**বিধি-১৪। উপদ্রবের কারণে বরাদ্দ বাতিল :**

(১) একজন বরাদ্দ প্রাপক এবং তাহার পরিবারের সদস্যগণ ঐ সকল কর্ম হইতে বিরত থাকিবেন যাহা অন্যদের উপদ্রবের কারণ হয়। যদি বরাদ্দ প্রাপক বা তাহার পরিবারের কোন সদস্য অথবা বরাদ্দ প্রাপকের সঙ্গে বসবাসরত কোন ব্যক্তির আচরণ ঐ এলাকায় উপদ্রব সৃষ্টির কারণ হয়, সেই ক্ষেত্রে কর্তৃপক্ষ বরাদ্দ প্রাপকের বাসস্থান বরাদ্দ বাতিল করিতে পারিবেন। (এই বিধির আওতায় গৃহপালিত পশু, গরু-ছাগল, বিড়াল, খরগোস, কুকুর বা হাঁস-মুরগি, কবুতর ইত্যাদি যদি ঐ বিল্ডিং, কলোনী অথবা এলাকাতে বসবাসকারীদের কোনরূপ অসুবিধা বা উপদ্রব সৃষ্টি করে, তবে সেই ক্ষেত্রে ঐরূপ পশু পালন উপদ্রব কার্য হিসাবে বিবেচিত হইতে পারে।)

(২) বরাদ্দকৃত ব্যক্তি ও তাহার পরিবারের সদস্যগণকে গর্হিত/অবাঞ্চিত/অসামাজিক কাজ থেকে বিরত থাকিতে হইবে এবং এই ধরণের কার্যকলাপ যাহাতে না ঘটে তাহা বরাদ্দ প্রাপক কর্তৃক নিশ্চিত করিতে হইবে। নিয়ম ভঙ্গকারীর বাসা বরাদ্দ বাতিলপূর্বক তাহার বিরুদ্ধে অসদাচরণের অভিযোগে বিসিএসআইআর কর্মচারী চাকুরি প্রবিধানমালা মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

**বিধি-১৫। কর্মচারী যাহাদের নিজ নামে বাড়ি আছে :**

(১) কর্মচারী যে কর্মস্থলে অবস্থান করিতেছেন যদি তিনি সেই কর্মস্থলে তাহার নিজ নামে বা তাহার স্ত্রী/স্বামী অথবা তাহার উপর নির্ভরশীল কোন সন্তানের নামে বাড়ি/ফ্ল্যাট নির্মাণ করেন, তবে ঐ বাড়ি/ফ্ল্যাট নির্মাণ সম্পূর্ণ হওয়ার ১০ (দশ) বৎসর পর হইতে তিনি আবাসন পুলের বাসস্থান পাওয়ার যোগ্য হইবেন না।

(২) একজন কর্মচারী যিনি একাধিক বাড়ি তাহার নিজ নামে অথবা স্ত্রী অথবা তাহার উপর নির্ভরশীল অন্য কোন ব্যক্তির নামে নির্মাণ করিয়াছেন অথবা মালিক হইয়াছেন তিনি আবাসন পুলের বাসস্থান বরাদ্দ পাওয়ার যোগ্য হইবেন না।

**বিধি-১৬। অবৈধ দখল :**

(১) যদি কোন কর্মচারী কোন বাসস্থান অবৈধভাবে দখল করেন অথবা অবৈধভাবে দখলে রাখেন তবে সেই ক্ষেত্রে তাহার বিরুদ্ধে অসদাচারণের দায়ে বিসিএসআইআর কর্মচারী চাকুরি প্রবিধানমালা মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা যাইতে পারে এবং অবৈধ দখল কালের জন্য কর্তৃপক্ষ তাহার নিকট হইতে স্ট্যান্ডার্ড রেন্ট আদায় করিতে পারিবেন।

(২) প্রকৌশল বিভাগ অবৈধ দখলদারকে উচ্ছেদ করিবার জন্য পরিষদের নিরাপত্তা কর্মকর্তার সহযোগিতায় উচ্ছেদ কার্যক্রম গ্রহণ করিবেন এবং উচ্ছেদ কার্য তরান্বিত করিবার উদ্দেশ্যে-

(ক) অবৈধ দখলদারকে ৭ (সাত) দিনের লিখিত নোটিশ প্রদান করিবেন।

(খ) নির্ধারিত সময়ের মধ্যে বাসার দখল কর্তৃপক্ষের নিকট বুঝাইয়া দিতে ব্যর্থ হইলে প্রকৌশল বিভাগ ঐ বাসার পানি, গ্যাস এবং বিদ্যুৎ সরবরাহ সংযোগ বিচ্ছিন্ন করিবেন।

(গ) অবৈধ দখলকারীর বিরুদ্ধে অসদাচরণের জন্য শাস্তিমূলক পদক্ষেপ নেওয়ার নিমিত্ত পরিষদ কর্তৃপক্ষকে অবহিত করিবেন।

(৩) অবৈধ দখলের জন্য দোষী যে কোন কর্মচারী এই বিধিমালার আওতায় তাহার বিরুদ্ধে গৃহীত কার্যক্রম ছাড়াও ভবিষ্যতে বাসা প্রাপ্তির অযোগ্য বলিয়া বিবেচিত হইবেন।

**বিধি-১৭। বাসা ভাড়া :**

(১) যে সকল কর্মচারী বাসস্থান প্রাপ্য হন সে সকল কর্মচারীর ক্ষেত্রে বাসাভাড়ার হার নিম্নরূপ হইবে:

(ক) যে সকল কর্মচারী ১ হইতে ১২ নং গ্রেড পর্যন্ত স্কেলে যে কোনটিতে অথবা নির্ধারিত স্কেলে বেতন পান, তাহারা মূল বেতনের ৭.৫০% হারে বাড়ি ভাড়া প্রদান করিবেন।

(খ) যে সকল কর্মচারী জাতীয় বেতন স্কেলের ১৩ হইতে ২০ নং গ্রেড পর্যন্ত স্কেলের যে কোনটির আওতায় বেতন পাইয়া থাকেন তাহারা মূল বেতনের ৫% হারে বাসা ভাড়া প্রদান করিবেন।

(গ) বরাদ্দ প্রাপক কর্তৃক মাসের ১৫ তারিখ বা তৎপূর্ব যে কোন দিবসে বাসার দখল বুঝিয়া নেওয়ার ক্ষেত্রে পূর্ণ মাসের বাড়ি ভাড়া এবং ১৬ তারিখ বা তৎপরবর্তী যে কোন দিবসে বাসার দখল বুঝিয়া নেওয়ার ক্ষেত্রে অর্ধ মাসের বাড়ি ভাড়া প্রদান করিতে হইবে।

(২) অবৈধ দখলের ক্ষেত্রে ঐ শ্রেণির বাসায় স্ট্যান্ডার্ড রেন্টের হারে অবৈধ কালের জন্য বাড়ি ভাড়া আদায় করা হইবে।

(৩) কর্মচারীদের ক্ষেত্রে বরাদ্দকৃত বাসস্থানের ভাড়া আদায় করার দায়িত্ব সংশ্লিষ্ট ইউনিট প্রধানের উপর বর্তাইবে। ইউনিট প্রধানের হিসাবরক্ষণ অফিস মাসিক ভাড়া ও অন্যান্য ইউটিলিটিস বিল যথারীতি সংশ্লিষ্ট কর্মচারীর মাসিক

বেতন-ভাতার বিল হইতে কর্তন করিবে এবং ভাড়া আদায়ের বিবরণ প্রতি অর্থ বৎসর ১৫ জুলাই এবং ১৫ জানুয়ারি তারিখের মধ্যে প্রকৌশল বিভাগে প্রেরণ করিবে।

(৪) যখন কোন কর্মচারীর নিকট যথেষ্ট পরিমাণ বাসা ভাড়া অনাদায়ী থাকে, তখন আবাসন পুল অনাদায়ী ভাড়া ও ইউটিলিটিস বিলের হিসাব প্রস্তুতপূর্বক আদায়ের ব্যবস্থা গ্রহণের জন্য পরিষদ সচিবালয়ে প্রেরণ করিবে। কর্তৃপক্ষের সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্মচারীর নিকট হইতে অনাদায়ী অর্থ আদায়ের আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে। সংশ্লিষ্ট কর্মচারীর কোন আপীল/আবেদনের ভিত্তিতে বকেয়া ভাড়া আদায় হইতে বিরত থাকা যাইবে না।

(৫) লিয়েনে বা প্রেষণে থাকাকালীন কর্মচারীর পক্ষে কে ভাড়া পরিশোধ করিবে (নিজে অথবা মনোনীত প্রতিনিধি) তাহা পরিষদ কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে। কর্মচারীকে স্বয়ং অথবা তাহার মনোনীত প্রতিনিধির মাধ্যমে নিয়মিত বাসা ভাড়া পরিশোধ করিতে হইবে। একাদিক্রমে ৬ (ছয়) মাস ভাড়া ও ইউটিলিটিস বিল অনাদায়ী থাকিলে পরিষদ কর্তৃপক্ষ উক্ত বাসা বরাদ্দ বাতিল করিতে পারিবে।

(৬) পাইকপাড়াস্থ বাসা এবং ধানমন্ডিস্থ অস্থায়ী/সিংগেল এ্যাকোমোডেশন বাসার ক্ষেত্রে বিসিএসআইআর বোর্ড কর্তৃক সময় সময় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী নির্ধারিত হারে বাড়ি ভাড়া, পানি-পয়: ও পরিচ্ছন্নতা ইত্যাদি বিল কর্তন করিতে হইবে।

<u>বিধি-১৮। 'না দাবী' সার্টিফিকেট :</u>

(১) প্রতি পঞ্জিকা বর্ষ শেষ হইবার দুই মাসের মধ্যে প্রত্যেক বরাদ্দ গ্রহণকারীকে 'না দাবী' সার্টিফিকেট প্রদান করিতে হইবে। এই 'না দাবী' সার্টিফিকেট সংশ্লিষ্ট ইউনিট প্রধান/কর্মকর্তার প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে প্রকৌশল বিভাগ প্রদান করিবে।

(২) যখন কোন কর্মচারী বদলী হন, অবসর গ্রহণ করেন অথবা বরখাস্ত হন এবং তাহার নামে বরাদ্দকৃত বাসা খালি করিয়া দেন, সেইক্ষেত্রে 'না দাবী' সার্টিফিকেট চাওয়ার দুই মাসের মধ্যে অথবা বাড়ি খালি করার খবর পাওয়ার দুই মাসের মধ্যে যা আগে ঘটে প্রকৌশল বিভাগ 'না দাবী' সার্টিফিকেট সংশ্লিষ্ট ইউনিট হইতে প্রতিবেদন প্রাপ্তির পর প্রদান করিবে।

(৩) যখন কোন কর্মচারীকে কোন বাসা বরাদ্দ প্রদান করা হয়, তখন প্রকৌশল বিভাগ ঐ কর্মচারীর নিকট হইতে তাহার পূর্বের কর্মস্থলের বরাদ্দকৃত বাসার (যদি থাকে) দখল সম্পর্কে নিশ্চিত হইবেন। ঐরূপ ক্ষেত্রে প্রকৌশল বিভাগ বরাদ্দ প্রাপকের নিকট হইতে পূর্বের বরাদ্দকৃত বাসার 'না দাবী' সার্টিফিকেট চাহিবেন। যদি সংশ্লিষ্ট কর্মচারী 'না দাবী' সার্টিফিকেট প্রদান করিতে অক্ষম হন: সেই ক্ষেত্রে প্রকৌশল বিভাগ বরাদ্দ প্রাপকের পূর্বের সংশ্লিষ্ট অফিসে এই 'না দাবী' সার্টিফিকেটের জন্য যোগাযোগ করিবেন। তবে এই 'না দাবী' সার্টিফিকেট না প্রাপ্তির কারণে কর্মচারীর নতুন কর্মস্থলে বাসা বরাদ্দ স্থগিত রাখা হইবে না।

<u>বিধি-১৯। বাসা বরাদ্দ কমিটি :</u>

পরিষদ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কর্মকর্তা ও কর্মচারীদের বাসা বরাদ্দের জন্য এক বা একাধিক কমিটি গঠন করা যাইতে পারে। পরিষদ কর্তৃপক্ষ এ বিষয়ে প্রয়োজনীয় বিজ্ঞপ্তি জারি করিবে।

<u>বিধি- ২০। বিসিএসআইআর-এর অন্যান্য অফিসমূহের আবাসন বরাদ্দ :</u>

চট্টগ্রাম, রাজশাহী, জয়পুরহাট, নয়ারহাটসহ সকল ক্যাম্পাসের বাসা বরাদ্দের বিষয়ে সংশ্লিষ্ট ইউনিটের প্রধানগণ এই বিধিমালার আলোকে নিজ নিজ বরাদ্দবিধি প্রণয়ন এবং বিসিএসআইআর কর্তৃপক্ষের অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করিবেন।

মোঃ ইকবাল হোসেন
প্রশাসনিক কর্মকর্তা
প্রকৌশল বিভাগ
বিসিএসআইআর, ঢাকা।

মোঃ আরিফুল হক
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভারপ্রাপ্ত)

# বিসিএসআইআর সচিবালয়
## ধানমন্ডি, ঢাকা-১২০৫।

আবেদন ফরম (বাসার আবেদনের দুইটি ফরম প্রদান করিতে হইবে)।

১। (ক) কর্মচারীর পূর্ণ নাম (বড় অক্ষরে) :........................................................

(খ) জন্ম তারিখ :........................................................

(গ) বৈবাহিক অবস্থা :........................................................

২। কর্মচারীর স্পাউস/অভিবাবক সংক্রান্ত :

(ক) নাম (সম্পর্ক) :........................................................

(খ) পেশা (চাকুরিজীবী হইলে চাকুরির প্রতিষ্ঠানের নাম ও ধরণ) :........................................................

(গ) বর্তমান পদ ও কর্মস্থল :........................................................

৩। চাকুরি সংক্রান্ত :

(ক) বর্তমান কর্মস্থল ও পদবি :........................................................

(খ) বেতন স্কেল ও মূল বেতন (প্রমাণকসহ) :........................................................

(গ) বর্তমান পদে যোগদানের তারিখ :........................................................

(ঘ) ইউনিটের নাম :........................................................

(ঙ) পরিষদের রাজস্ব খাতে চাকুরিতে যোগদানের তারিখ ও পদবি :........................................................

৪। বাসস্থান সংক্রান্ত :

(ক) যে শ্রেণির বাসার জন্য আবেদন :........................................................

(খ) এলাকা/বাসার পছন্দক্রম (সর্বোচ্চ ২ টি) :........................................................

(গ) নিজ নামে বা স্বামী-স্ত্রী বা নির্ভরশীল সন্তানের নামে বাড়ী/ফ্ল্যাট আছে কিনা : হ্যাঁ / না।

(ঘ) ৪ (গ)-এর উত্তর হ্যাঁ সূচক হইলে বাড়ী/ফ্ল্যাটের সংখ্যা ও উহার নির্মাণ সম্পন্ন হওয়ার তারিখ :......................

৫। পরিবারের সদস্যদের বর্ণনা (আবেদনকারীসহ) :

| ক্র: নং | নাম | বয়স | সম্পর্ক |
|---|---|---|---|
| (১) | | | |
| (২) | | | |
| (৩) | | | |
| (৪) | | | |
| (৫) | | | |

৬। (ক) পূর্ববর্তী কর্মস্থলে বাসা বরাদ্দ করা হইয়া থাকিলে উহার বিবরণ :........................................................

(খ) পূর্ববর্তী কর্মস্থলে বাসা ছাড়িবার তারিখ :........................................................

৭। বর্তমান বাসস্থান :

পরিষদের বাসার নম্বর/নিজস্ব ব্যবস্থায় :........................................................

আমি প্রত্যয়ন করিতেছি যে, উপরোক্ত তথ্যসমূহ আমার সর্বোচ্চ জ্ঞান ও বিশ্বাসমতে সত্য। পরিষদের বাসা বরাদ্দ বিধিমালা আমি মানিয়া চলিব। আমার নামে পরিষদের বাসা বরাদ্দ করা হইলে তা বা তাহার অংশ বিশেষ ভাড়া প্রদান করিব না। বরাদ্দ সংক্রান্ত কোন বিধি বা শর্ত ভঙ্গ করিলে কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্ত মানিয়া লইতে আমি বাধ্য থাকিব।

(কর্মকর্তা/কর্মচারীর স্বাক্ষর)

তারিখ................................

আহ্বায়ক, বাসা বরাদ্দ কমিটির নিকট প্রেরণ করা হইল

আবেদনকারী এই ইউনিটের একজন কর্মকর্তা/কর্মচারী। আমার জানামতে আবেদনকারী কর্তৃক এ ফরমে পরিবেশিত তথ্যসমূহ সত্য।

সংশ্লিষ্ট ইউনিট প্রধানের স্বাক্ষর ও সিল

[আবেদন সংক্রান্ত জ্ঞাতব্য গুরুত্বপূর্ণ বিষয়াবলী অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য]

## জ্ঞাতার্থে :

**অপেক্ষমান তালিকা তৈরীর পদ্ধতি (বিধি-৬ দ্রষ্টব্য) :**

(১) প্রত্যেক আগ্রহী কর্মচারীকে 'ক' ফরম মোতাবেক পুলের বাসস্থানের জন্য আবেদন করিতে হইবে। প্রকৌশল বিভাগ প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই করিয়া বিধিমালা অনুসরণপূর্বক অপেক্ষমান তালিকা প্রস্তুত করিবে; উক্ত অপেক্ষমান তালিকার ভিত্তিতে নিম্নবর্ণিত নিয়ম মোতাবেক জ্যেষ্ঠতা অনুযায়ী সংশ্লিষ্ট শ্রেণির বাসস্থান বরাদ্দ করা হইবে।

(ক) আবেদনপত্র প্রাপ্তির সাথে সাথে আবেদনকারীর যেই শ্রেণির বাসার প্রাপ্যতা রহিয়াছে সেই শ্রেণির তালিকায় তাহার নাম অন্তর্ভুক্তকরত: তালিকায় তাহার অবস্থান নিশ্চিতকরণের জন্য নিম্নোক্ত বিষয়ের উপর ভিত্তি করিয়া আবেদনকারীর নম্বর নির্ধারিত হইবে।

| ক্রমিক | বিষয় | সর্বোচ্চ নম্বর |
|---|---|---|
| ১ | প্রকৌশল বিভাগে আবেদন প্রাপ্তির মাস হইতে ১ বছর ও তদূর্ধ সময়ের জন্য (প্রতি মাসের জন্য ১ নম্বর হারে)। | ১২ |
| ২ | মহিলা কর্মচারীর জন্য [যাহার স্বামী (অবিবাহিত মহিলার ক্ষেত্রে পিতা বা অভিবাবক) সরকারী/আধাসরকারী/স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠানে চাকরিরত নন কিংবা সরকারী/ আধাসরকারী/স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠানের চাকুরিজীবী হইলে ঢাকার বাহিরে চাকরিরত]। | ৩ |
| ৩ | বিশেষ পদে কর্মরত কর্মকর্তার জন্য (চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা)। | ১০ |
| ৪ | কর্মচারীর রাজস্ব খাতে চাকরির মেয়াদের জন্য (প্রতি বছরের জন্য ১ নম্বর হারে)। | ১০ |
| | মোট নম্বর | ৩৫ |

(খ) অনুচ্ছেদ 'ক' তে বর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক প্রাধিকার তালিকায় অবস্থানকারীদের নম্বরের ভিত্তিতে পর্যায়ক্রমে আবাসন পুলের বাসস্থান বরাদ্দ হইবে।

(গ) বাসা বরাদ্দের ক্ষেত্রে একাধিক কর্মচারীর প্রাপ্ত নম্বর একই হইলে সংশ্লিষ্ট কর্মচারীদের স্ব স্ব শ্রেণিতে রাজস্ব খাতভুক্ত চাকরির দীর্ঘতর মেয়াদের ভিত্তিতে এবং চাকরির দৈর্ঘ একই হইলে উচ্চতর বেতন আহরণের ভিত্তিতে এবং বেতন একই হইলে জন্মতারিখ অনুযায়ী অধিকতর বয়সের ভিত্তিতে জ্যেষ্ঠতা গণনাযোগ্য হইবে। জন্ম তারিখ একই হইলে লটারীর মাধ্যমে জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে।

(২) পদোন্নতির জন্য উচ্চতর শ্রেণির বাসার যোগ্যতা অর্জনের ক্ষেত্র ব্যতীত একজন বরাদ্দ প্রাপক বরাদ্দ গ্রহণের তারিখ হইতে ২ (দুই) বছরের মধ্যে একই এলাকায় বদলী বরাদ্দের জন্য আবেদন করিলে তাহা গ্রহণযোগ্য হইবে না।

(৩) কোন অবস্থাতেই প্রাপ্য শ্রেণির বাসা ব্যতিরেকে নিম্ন শ্রেণির বাসার জন্য বরাদ্দ প্রদান করা হইবে না (এই বিধিমালার ৫ (২) উপ-ধারার ক্ষেত্র ব্যতীত)।

(৪) সুনির্দিষ্ট এলাকা উল্লেখপূর্বক বাসা বরাদ্দের দরখাস্ত করিতে হইবে। দরখাস্তে ১টির বেশী এলাকার উল্লেখ করা যাইবে না এবং একই এলাকায় সর্বোচ্চ ২ (দুই) টি বাসার পছন্দক্রম উল্লেখ করা যাইবে। পছন্দ উল্লেখের ক্ষেত্রে কেবল পছন্দক্রম পুরণযোগ্য হইলেই বাসা বরাদ্দ প্রদান করা হইবে।

(৫) পদোন্নতি প্রাপ্তির ক্ষেত্রে নতুন শ্রেণির বাসা প্রাপ্তির যোগ্যতা অর্জনের পর পূর্বতন শ্রেণির বাসা স্থানান্তরের আবেদন বিবেচনাযোগ্য হইবে না (এই বিধিমালার ৫ (২) উপ-ধারার ক্ষেত্র ব্যতীত)।

**কর্মচারী যাহাদের নিজ নামে বাড়ি আছে (বিধি-১৫ দ্রষ্টব্য) :**

(১) কর্মচারী যে কর্মস্থলে অবস্থান করিতেছেন যদি তিনি সেই কর্মস্থলে তাহার নিজ নামে বা তাহার স্ত্রী/স্বামী অথবা তাহার উপর নির্ভরশীল কোন সন্তানের নামে বাড়ি/ফ্ল্যাট নির্মাণ করেন, তবে ঐ বাড়ি/ফ্ল্যাট নির্মাণ সম্পূর্ণ হওয়ার ১০ (দশ) বৎসর পর হইতে তিনি আবাসন পুলের বাসস্থান পাওয়ার যোগ্য হইবেন না।

(২) একজন কর্মচারী যিনি একাধিক বাড়ি তাহার নিজ নামে অথবা স্ত্রী অথবা তাহার উপর নির্ভরশীল অন্য কোন ব্যক্তির নামে নির্মাণ করিয়াছেন অথবা মালিক হইয়াছেন তিনি আবাসন পুলের বাসস্থান বরাদ্দ পাওয়ার যোগ্য হইবেন না।

[বিসিএসআইআর বাসা বরাদ্দ বিধিমালা দ্রষ্টব্য]

বাসা বরাদ্দের পত্রের ফরম 'খ'

# বিসিএসআইআর
# ধানমন্ডি, ঢাকা-১২০৫।

নং-　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　তারিখ :

## অফিস আদেশ

পরিষদের বাসা বরাদ্দ কমিটি (কর্মকর্তা/কর্মচারী)-এর................তারিখের সভার সুপারিশ মোতাবেক কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সংশ্লিষ্ট বিজ্ঞানী/কর্মকর্তা/কর্মচারীদের নামের পার্শ্বে বর্ণিত বাসাসমূহ বরাদ্দ প্রদান করা হইল :-

| ক্রমিক | কর্মকর্তার নাম ও পদবি | ইউনিট | বর্তমানে পরিষদের যে বাসায় থাকেন | যে বাসা বরাদ্দ প্রদান করা হয়েছে | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | | | | | |
| ২ | | | | | |
| ৩ | | | | | |

শর্তসমূহ :-

১। বরাদ্দকৃত বাসার কোন অংশই ভাড়া দেওয়া যাইবে না। ভাড়া প্রদান করা হইলে বাসা বরাদ্দ বাতিল করাসহ বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২। বরাদ্দকৃত বাসা/মেস সিট-এর দখল প্রকৌশল বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট হইতে নির্ধারিত ফরমে হস্তান্তর/গ্রহণ করিতে হইবে।

৩। বরাদ্দকৃত বাসার বিদ্যমান অবকাঠামো কোনক্রমেই পরিবর্তন করা যাইবে না।

৪। বাসা বরাদ্দ আদেশ জারির ৭ (সাত) কর্ম দিবসের মধ্যে বরাদ্দকৃত বাসা গ্রহণে সম্মতি প্রদানপূর্বক নির্ধারিত অঙ্গিকারনামা প্রদান করিতে হইবে। অন্যথায় তার নামে বরাদ্দকৃত বাসা বাতিল বলিয়া গণ্য হইবে এবং অপেক্ষমান তালিকায় তার নাম ৩ (তিন) জনের নিম্নে অবনমিত হইবে।

৫। (১) বরাদ্দ প্রাপক এবং তাহার পরিবারের সদস্যগণ ঐ সকল কর্ম হইতে বিরত থাকিবেন যাহা অন্যদের উপদ্রবের কারণ হয়। যদি বরাদ্দ প্রাপক বা তাহার পরিবারের কোন সদস্য অথবা বরাদ্দ প্রাপকের সঙ্গে বসবাসরত কোন ব্যক্তির আচরণ ঐ এলাকায় উপদ্রব সৃষ্টির কারণ হয়, সেই ক্ষেত্রে কর্তৃপক্ষ বরাদ্দ প্রাপকের বাসস্থান বরাদ্দ বাতিল করিতে পারিবেন। (এই বিধির আওতায় গৃহপালিত পশু, গরু-ছাগল, বিড়াল, খরগোস, কুকুর বা হাঁস-মুরগি যদি ঐ বিল্ডিং, কলোনী অথবা এলাকাতে বসবাসকারীদের কোনরূপ অসুবিধা বা উপদ্রব সৃষ্টি করে, তবে সেই ক্ষেত্রে ঐরূপ পশু পালন উপদ্রব কার্য হিসাবে বিবেচিত হইতে পারে।)

(২) বরাদ্দকৃত ব্যক্তি ও তাহার পরিবারের সদস্যগণকে গর্হিত/অবাঞ্ছিত/অসামাজিক কাজ থেকে বিরত থাকিতে হইবে এবং এই ধরণের কার্যকলাপ যাহাতে না ঘটে তাহা বরাদ্দ প্রাপক কর্তৃক নিশ্চিত করিতে হইবে। নিয়ম ভঙ্গকারীর বাসা বরাদ্দ বাতিলপূর্বক তাহার বিরুদ্ধে অসদাচরণের অভিযোগে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

৬। পরিবেশ দূষণ বা আবাসিক এলাকায় বসবাসকারীদের অসুবিধা সৃষ্টি করা হইলে বাসার বরাদ্দ বাতিল করা হইবে।

৭। অঙ্গিকারনামা সম্পাদনের পর বরাদ্দপ্রাপ্ত ব্যক্তি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে (খালি সাপেক্ষে বরাদ্দের ক্ষেত্রে বাসা খালি হওয়ায় ৩০ (ত্রিশ) দিনের মধ্যে) উক্ত বাসস্থান গ্রহণ করিবেন এবং বাসস্থানের সকল ফিক্সচার ও ফিটিংসের তথ্যসম্বলিত প্রতিবেদন স্বাক্ষর করিয়া দিবেন। অন্যথায় তাহার বাসা বরাদ্দ বাতিল করা হইবে এবং অপেক্ষমান তালিকায় সংশ্লিষ্ট কর্মচারীর নাম ৫ (পাঁচ) জনের নিম্নে অবনমিত করা হইবে।

৮। বরাদ্দ প্রাপক কর্তৃক মাসের ১৫ তারিখ বা তৎপূর্ব যে কোন দিবসে বাসার দখল বুঝিয়া নেওয়ার ক্ষেত্রে পূর্ণ মাসের বাড়ি ভাড়া এবং ১৬ তারিখ বা তৎপরবর্তী যে কোন দিবসে বাসার দখল বুঝিয়া নেওয়ার ক্ষেত্রে অর্ধ মাসের বাড়ি ভাড়া প্রদান করিতে হইবে।

৯। বরাদ্দকৃত বাসায় অবস্থানের জন্য অন্যান্য বিষয়াদির ক্ষেত্রে বাসা বরাদ্দ বিধিমালা ২০১৩ এর সংশ্লিষ্ট ধারা প্রযোজ্য হইবে।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী।

বিতরণ কার্যার্থে :

তালিকাস্থ বিজ্ঞানী/কর্মকর্তাবৃন্দ।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হইলো :

১. পরিচালক, ঢাকা গবেষণাগার/আইজিসিআরটি/আইএফএসটি/আইএফআরডি/পিপিএন্ডপিডিসি, বিসিএসআইআর, ঢাকা।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভারপ্রাপ্ত), বিসিএসআইআর, ঢাকা।
৩. পরিচালক (অর্থ ও হিসাব), বিসিএসআইআর, ঢাকা।
৪. একান্ত সচিব, চেয়ারম্যান, বিসিএসআইআর, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, প্রকৌশল বিভাগ, বিসিএসআইআর, ঢাকা (নির্ধারিত সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট বরাদ্দ প্রাপক কর্তৃক বাসা বুঝিয়া নেওয়ার প্রতিবেদন প্রকৌশল বিভাগে প্রেরণের অনুরোধসহ)।
৬. সহকারী নিরাপত্তা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), বিসিএসআইআর, ঢাকা।
৭. একান্ত সহকারী, সদস্য (প্রশাসন)/(অর্থ)/সচিব বিসিএসআইআর, ঢাকা।

(প্রশাসনিক কর্মকর্তা)

বরাদ্দকৃত বাসা গ্রহণের জন্য অংগীকার ফরম 'গ'

বিসিএসআইআর
ধানমন্ডি, ঢাকা-১২০৫।

<u>বিসিএসআইআর আবাসিক এলাকায় বরাদ্দকৃত বাসায় অবস্থান সম্পর্কিত অংগীকারনামা :</u>

আমি ড./জনাব/বেগম..........................................................................................................................................
পদবি......................................বিসিএসআইআর, ঢাকা গবেষণাগার/আইএফএসটি/সচিবালয়/ আইএফআরডি/পিপি এন্ড পিডিসি/আইজিসিআরটি এই মর্মে অংগীকার করিতেছি যে, বিসিএসআইআর ধানমন্ডিস্থ/ পাইকপাড়াস্থ ক্যাম্পাসে অবস্থিত ফ্ল্যাট (নং.........................) যাহা আমার নামে বরাদ্দ প্রদান করা হইয়াছে তাহা ব্যবহারে পরিষদের বাসা বরাদ্দ বিধিমালা ২০১৩ অনুসরণে বাধ্য থাকিব। এই বিধিমালার কোন শর্ত লংঘনের দায়ে পরিষদ কর্তৃকপক্ষ কোন বিধিগত বা প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করিলে বা আমার নামে বরাদ্দকৃত বাসা বাতিল করিলে আমি কোন আদালতের আশ্রয় গ্রহণ করিব না।

বিসিএসআইআর বাসা বরাদ্দ বিধিমালা ২০১৩-এর আমার ক্ষেত্রে প্রযোজ্য অনুচ্ছেদসমূহ পড়িয়া ও বুঝিয়া স্বজ্ঞানে এই অংগীকারনামা স্বাক্ষর করিলাম।

তারিখ:

বাসা বরাদ্দ প্রাপকের স্বাক্ষর
পূর্ণ নাম ও পদবি

<u>সাক্ষীগণের স্বাক্ষর (নাম ও পদবিসহ)</u>

১)

২)